দৈনিক
ইত্তেফাক

তারিখ ........ 28 DEC 2016
পৃষ্ঠা ···৪··· কলাম ···১··· ......

# খুলনায় ১০ দিনব্যাপী শিক্ষা মেলা শুরু

■ খুলনা অফিস

নর্দান ইউনিভার্সিটি অব বিজনেজ অ্যান্ড টেকনোলজি খুলনার উদ্যোগে ১০ দিনব্যাপী স্পিং সেমিস্টার ২০১৭-এর শিক্ষা মেলা শুরু হয়েছে। মেলা আগামী ৫ জানুয়ারি পর্যন্ত চলবে। গতকাল মঙ্গলবার দুপুরে মেলার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ইনচার্জ প্রফেসর মো. ইব্রাহিম।

অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার মো. ইমদাদুল হক, কম্পিউটার সাইন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রধান মো. রবিউল ইসলাম, ব্যবসা প্রশাসন বিভাগের প্রধান এস এম মনিরুল ইসলাম, আইন বিভাগের কো-অর্ডিনেটর আশিক উদ্দিন মো. মারুফ প্রমুখ উপস্থিত ছিলেন।

মেলায় শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসি সমমান পরীক্ষার ফলাফলের ওপর শতভাগ পর্যন্ত টিউশন ফি ছাড়, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ১০০ শতাংশ পর্যন্ত টিউশন ফি ছাড়, সহোদর ভাইবোনের জন্য ২০ শতাংশ টিউশন ফি ছাড়, ছাত্রী ও উপজাতিদের জন্য অতিরিক্ত ৫ শতাংশ টিউশন ফি ছাড়, ডিপ্লোমা হোল্ডারদের জন্য বিশেষ সুযোগ-সুবিধা দেওয়া হবে বলে আয়োজক কর্তৃপক্ষ জানিয়েছেন।